



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৯-৪৯০

তারিখ: ০৭ পৌষ ১৪২৬
২২ ডিসেম্বর ২০১৯

পরিপত্র-৪

বিষয়: ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা, বিভিন্ন টিম ও কমিটি গঠন, নির্বাচন পরিচালনা বিধিমালার বিধানাবলি অনুসরণ, নির্বাচনে নিরপেক্ষতা বজায় রাখা ইত্যাদি

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সিটি কর্পোরেশন নির্বাচনের নির্বাচন-পূর্ব অনিয়ম বা অন্যান্য অনিয়ম নিষ্পন্নের জন্য বিচার বিভাগীয় কর্মকর্তাদের সমন্বয়ে নির্বাচনি তদন্ত কমিটি গঠনের কোন বিধান সংশ্লিষ্ট আইন বা বিধিতে নেই। ফলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র ও কাউন্সিলর পদে নির্বাচনে নির্বাচনি তদন্ত কমিটি গঠন করা হয়নি। তবে নির্বাচনের বিভিন্ন অনিয়ম বিশেষ করে নির্বাচন আচরণ বিধি ভংগ ও প্রতিকার, নির্বাচনি ব্যয় নির্ধারিত সীমার মধ্যে রাখা, নির্বাচন বিধিমালা যথাযথ অনুসরণ, নির্বাচনের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং তদারকির জন্য বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উল্লিখিত নির্বাচনি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সরকারি ছুটির দিনে এবং অফিস সময়ের পরেও অফিস খোলা রেখে নির্ধারিত কার্যাদি সম্পাদন করার নির্দেশনা দেয়া হয়েছে। এলক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ অত্যাাবশ্যকীয়:

০২। সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা: ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র ও কাউন্সিলর পদে নির্বাচনের সময়সূচি জারির পর হতে মনোনয়নপত্র দাখিলের কার্যক্রম শুরু হয়েছে। মনোনয়নপত্র দাখিল সম্পন্ন হলে পরবর্তীতে বাছাই, মনোনয়নপত্র বাছাইয়ের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল কর্তৃপক্ষের (বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা) নিকট আপিল দায়ের ও আপিলকারী কর্তৃপক্ষ কর্তৃক আপিলসমূহ নিষ্পত্তি করা হবে। প্রার্থিতা প্রত্যাহারের নির্ধারিত শেষ তারিখ অর্থাৎ ০৯ জানুয়ারি ২০২০ তারিখ অতিবাহিত হওয়ার অব্যবহিত পরবর্তী দিনে অর্থাৎ ১০ জানুয়ারি ২০২০ তারিখে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করতে হবে। ৩০ জানুয়ারি ২০২০ তারিখ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন না হওয়া পর্যন্ত বিশেষ করে তফসিল ঘোষণার তারিখ হতে ভোটগ্রহণের দিন পর্যন্ত সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনসহ প্রতিদিন ন্যূনপক্ষে সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত অফিস খোলা রাখতে হবে। যথাসময়ে সমুদয় কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে সাপ্তাহিক বা সরকারি ছুটি ব্যতীত অন্যান্য দিনে অফিস সময়ের পর দায়িত্ব পালন করতে হবে। প্রয়োজনে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনেও বিকাল ৫.০০টার পর অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করতে হবে। একই সাথে জরুরি প্রয়োজনে অন্যান্য সরকারি, স্বায়ত্তশাসিত অফিস/ প্রতিষ্ঠান এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ছুটির দিন ও অফিস সময়ের পর খোলা রেখে উল্লিখিত কাজে সহায়তা প্রদানের জন্যও অনুরোধ জানাতে হবে। তবে উল্লেখ্য যে, মনোনয়নপত্র গ্রহণ, আপিল দায়ের ও প্রার্থিতা প্রত্যাহার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টার মধ্যে সীমাবদ্ধ থাকবে।

০৩। নিরপেক্ষতা অক্ষুণ্ণ রাখা: নির্বাচন কমিশনের নিরপেক্ষতা ও গ্রহণযোগ্যতা সকলের নিকট সমুজ্জ্বল ও সমুন্নত রাখার লক্ষ্যে রিটার্নিং অফিসার এবং অন্যান্য কর্মকর্তাগণকে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- (১) বিশেষ কোন মহলের কোন প্রভাব বা হস্তক্ষেপ নির্বাচনের নিরপেক্ষতা যাতে ক্ষুণ্ণ করতে না পারে তা আইন, বিধিমালা ও আচরণ বিধিমালার আলোকে নিশ্চিত করা;
- (২) নির্বাচনের ন্যায় একটি সংবেদনশীল, স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এমন কোন কাজ করবেন না, যার দ্বারা তাদেরকে উপযুক্ত কর্তৃপক্ষ বা স্থানীয় জনগণের নিকট হয়ে প্রতিপন্ন হতে হয় এবং তারা যে পক্ষপাতদুষ্ট নন এমন ধারণা সৃষ্টির নিশ্চয়তা বিধানকল্পে প্রতিটি কাজে আইন ও বিধির যথার্থ প্রয়োগ ও অনুসরণ করা;

জারীকৃত
২২/০৪
Suruj
হাসিনা

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

